

রিটার্নিং অফিসারের কার্যালয়,  
কুড়িগ্রাম

নম্বর : জে.প্র./কুড়ি/৬(৯)/২০০৮-জা:সংনিঃ/ ৮৫৭

তারিখ: ০৮-১২-২০০৮ইং

প্রেরক : মো: আসাদুজ্জামান,  
জেলা প্রশাসক, কুড়িগ্রাম,  
ও  
রিটার্নিং অফিসার।

প্রাপক : সচিব,  
নির্বাচন কমিশন সচিবালয়,  
ঢাকা।

বিষয় : নবম জাতীয় সংসদ সদস্য প্রার্থী জনাব মো: ইমান আলী; আর, এস, ডি, এ এর নির্বাহী পরিচালক হিসেবে  
সম্মানী বা বেতন ও ভাতাদি গ্রহণ প্রসঙ্গে।

সূত্র : মহোদয়ের টেলিফোনিক বার্তা।


মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী ও সহকারী রিটার্নিং অফিসার কর্তৃক প্রেরিত জনাব মো: ইমান আলী; আর, এস, ডি, এ এর নির্বাহী পরিচালক হিসেবে সম্মানী বা বেতন ও ভাতাদি গ্রহণ সংক্রান্ত প্রতিবেদনের সহিত নিম্নস্বাক্ষরকারী একমত পোষন করেন। উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী ও সহকারী রিটার্নিং অফিসার কর্তৃক প্রেরিত প্রতিবেদনের ছায়ালিপি আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হল।


সংযুক্ত: ০১(এক)পাতা

অক্ষয় কনি

বিনীত-



(মো: আসাদুজ্জামান  
জেলা প্রশাসক, কুড়িগ্রাম,  
ও  
রিটার্নিং অফিসার।



N.D.C  
7.12.20

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
রৌমারী, কুড়িগ্রাম।

স্মারক নং উনিঅ/রৌ/কুড়ি/০৮/১৭২


তারিখ : ৩৭/১২/২০

বিষয় : ৯ম জাতীয় সংসদ সদস্য প্রার্থী জনাব ইমান আলী আর,এস,ডি,এ এর নির্বাহী পরিচালক হিসেবে সম্মানী বা বেতন ও ভাতাদী গ্রহন প্রসঙ্গে তদন্ত প্রতিবেদন।

সূত্র : মহোদয়ের টেলিফোন নির্দেশ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তাঁর টেলিফোন নির্দেশে নিম্ন স্বাক্ষরকারী আর,এস,ডি,এ অফিস, দক্ষিণ টাপুর চর, বন্দবেড় ইউনিয়ন, গিয়ে জনাব ইমান আলীর ছেলে মোঃ ছাইকুর রহমান কমিউনিটি ডেভেলোপমেন্ট সুপার ভাইজার এর সাথে উপর্যুক্ত বিষয়ে জিজ্ঞাসাবাদ করলে জানান যে, তাঁর বাবা আর,এস,ডি,এ এর নির্বাহী পরিচালক হিসেবে অত্র প্রতিষ্ঠান থেকে কোন বেতন ভাতাদি বা সম্মানি বা এ ধরনের কোশকিছুই গ্রহন করেন না। তাদের দাবিলব্ধ অক্টোবর, নভেম্বর মাসের কর্মচারীদের বেতন ভাতাদির সিট যাচাই করে দেখায় যে, জনাব ইমান আলী নির্বাহী পরিচালক হিসেবে বেতন বিলে সই করলেও তাতে তাঁর নাম নাই।

ইহা মহোদয়ের সদর অবগতির জন্য প্রেরণ করা হ'ল।



(মোঃ হাশিক উদ্দীন)  
উপজেলা নির্বাহী অফিসার  
রৌমারী, কুড়িগ্রাম।

প্রাপক : জেলা প্রশাসক,  
কুড়িগ্রাম।